

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 17-11-2024

Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং নাইজেরিয়ার রাষ্ট্রপতি বোলা আহমেদ টিনুরু আজ আবুজার রাষ্ট্রপতি ভবনে দ্বিপাক্ষিক বৈঠক করেন।
- (২) ৭১ তম অখিল ভারতীয় সমবায় সপ্তাহ উপলক্ষ্যে গোমাতি জেলাভিত্তিক আলোচনাচক্রের আজ উদয়পুর টাউন হলে আয়োজিত হয়।
- (৩) ভারতের উপকূলীয় নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে আজ চেনাইতে প্রতিরক্ষা সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত।
- (৪) কর্ণেল সি কে নাইডু ট্রফিতে ওডিশার বিরুদ্ধে ত্রিপুরা জয়ের লক্ষ্যে লড়াই করছে।

PM in Nigerian:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং নাইজেরিয়ার রাষ্ট্রপতি বোলা আহমেদ টিনুরু আজ আবুজার রাষ্ট্রপতি ভবনে দ্বিপাক্ষিক বৈঠক করেন। উভয় নেতা দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব পর্যালোচনা করেন এবং দ্বিপাক্ষিক সম্পর্ক বাড়ানোর আরও উপায় নিয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রী শ্রী মোদি বলেন, ভারত নাইজেরিয়ার সাথে তার কৌশলগত অংশীদারিত্বকে উচ্চ অগ্রাধিকার দেয়। তিনি ভারত ও নাইজেরিয়ার মধ্যে সহযোগিতার ক্ষেত্র হিসাবে প্রতিরক্ষা, শক্তি, প্রযুক্তি, স্বাস্থ্য, শিক্ষা এবং

সংস্কৃতির উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, সপ্তাস ও জলদস্যুতার মতো চ্যালেঞ্জ মোকাবেলায় উভয় দেশ একসঙ্গে কাজ করছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী নাইজেরিয়ার রাষ্ট্রপতিকে গ্র্যান্ড কমান্ডার অফ দ্য অর্ডার অফ দ্য নাইজার, জিসিএন-এর সম্মান দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার জন্য ধন্যবাদ জানান। শ্রী মোদী বলেন, এই সম্মান কেবল তাঁর জন্য নয়, সমস্ত ভারতীয়দের জন্য সম্মান। তিনি ব্রিক্স-এর অংশীদার দেশ হওয়ার জন্য নাইজেরিয়াকে অভিনন্দন জানান। উল্লেখ্য জি-টুয়েন্টি শীর্ষ সম্মেলনে যোগ দিতে দুদিনের সফরে প্রধানমন্ত্রী শ্রী মোদী নাইজেরিয়া থেকে ব্রাজিলের শহর রিও ডি জেনিরোতে যাবেন। তৃতীয় এবং শেষ পর্যায়ে, প্রধানমন্ত্রী শ্রী মোদী ১৯ থেকে ২১ নভেম্বর গায়ানায় রাষ্ট্রীয় সফরে যাবেন।

Health Camp/ Ratan Chakraborty:

রানীরবাজার বৃন্দনগর সিএনজি স্টেশন সংলগ্ন এলাকায় নবনির্মিত নেশা মুক্তি কেন্দ্রের উদ্যোগে আজ এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বৃত্তি করেন বিধায়ক রতন চক্রবর্তী। তিনি বলেন এই ধরনের নেশা মুক্তি কেন্দ্রের মাধ্যমে অসংখ্য তরুণ তরুণীদের জীবন রক্ষা পাবে। এদিনের স্বাস্থ্য শিবিরে বিভিন্ন রোগের চিকিৎসা পরিষেবা প্রদান করেন বিশেষজ্ঞ চিকিৎসকরা। সেই সাথে তাদের বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়।

CPI (M) :

বিধানসভার বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরীর নেতৃত্বে সিপিআই (এম) বিধায়ক দল আজ আগরতলায় দক্ষিণ রামনগর গোল চক্র এলাকা পরিদর্শন করেন। তিনি এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারদের সাথে কথাবার্তা বলেন। পরিবারের পক্ষ থেকে তার

কাছে দুই দফা দাবি সমিলিত স্মারকলিপি তুলে দেয়া হয়। দাবিগুলি তুলে ধরে শ্রী চৌধুরী বলেন গোল চক্র এলাকায় সরকারি জমিতে গৃহ নির্মাণ করে পুনর্বাসনের ব্যবস্থা করা, জীবন-জীবিকা নির্বাহের জন্য নিশ্চিত আয়ের ব্যবস্থা করার জন্য তারা ন্যায়সংগত দাবি জানিয়েছে সরকারের কাছে।

Somobay week Gomati:

৭১ তম অধিল ভারতীয় সমবায় সপ্তাহ উপলক্ষ্যে গোমাতি জেলাভিত্তিক আলোচনা চক্র আজ উদয়পুর টাউন হলে অনুষ্ঠিত হয় । এবারের মূল ভাবনা "বিকশিত ভারত" নির্মাণে সমবায়ের ভূমিকা । এই আলোচনা সভার উদ্বোধন করেন গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়।

আলোচনা সভায় উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার বলেন, গোমতি জেলায় ৩২৬ টি সমবায় সমিতি রয়েছে । সঠিক লক্ষ্যে কাজ করে গেলে সমিতির উন্নয়ন সম্ভব ।

সমবায় আন্দোলনের মাধ্যমে বিকশিত ভারত নির্মানে এবং ত্রিপুরা রাজ্যের সার্বিক বিকাশে সকল ক্ষেত্রে সমবায়ের সদস্য/সদস্যাগণকে অংশগ্রহণ করার জন্য ত্রিপুরা রাজ্যের সমবায় দপ্তরের পক্ষ থেকে আহ্বান করা হয়েছে।

Survey :

গোটা দেশের সংগে উনকোটি জেলাতেও আগামী চৌর্থা ডিসেম্বর অনুষ্ঠৈয় "পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ" এর প্রস্তুতি চলছে। উনকোটি জেলার জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার জ্ঞান, তৃতীয়, ষষ্ঠ ও নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পড়াশোনার মান নির্ণয় তথা মূল্যায়ণ অনুষ্ঠিত হবে।

উনকোটি জেলার ৬৩টি বিদ্যালয়ে এই সমীক্ষা তথা মূল্যায়ণ পর্ব অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে C.B.S.E পরিচালিত বিদ্যালয়গুলোর শিক্ষকরা থাকবেন পর্যবেক্ষক হিসাবে। অন্যদিকে, বিএড কলেজ ও জেলা শিক্ষক শিক্ষণ কেন্দ্রগুলোর শিক্ষার্থীরা থাকবেন ফিল্ড ইনভেস্টিগেটর হিসাবে বলে তিনি জানান।

TGPA:

ত্রিপুরা গভর্নেন্ট পেনশনার্স এসোসিয়েশন নামে একটি সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে। আজ আগরতলার জেকশন গেইটস্থিত ত্রিপুরা সরকারী কর্মচারী ফেডারেশনের কেন্দ্রীয় কার্যালয়ে রাজ্য সরকারী অবসরপ্রাপ্ত কর্মচারীদের দাবী দাওয়া আদায়ের লক্ষ্যে এই সংগঠন গড়ে তোলা হয়েছে। এসোসিয়েশনের প্রধান উপদেষ্টা হিসেবে মনোনিত হয়েছেন সমর রায়।

Khowai - Accident:

খোয়াই-এর মহাদেবটিলায় শুক্রবার রাতে বাইক ও অন্য একটি গাড়ির সংঘর্ষে এক ব্যক্তি প্রাণ হারান। এই দুর্ঘটনায় নিহত ব্যক্তির স্ত্রী ও কন্যা গুরুতর আহত হয়। পুলিশ ও হাসপাতাল সূত্রে সর্বশেষ পাওয়া খবরে জানা গেছে, দুর্ঘটনায় নিহত ব্যক্তির স্ত্রী ও কন্যার চিকিৎসা চলছে আগরতলার জিবি হাসপাতালে। পুলিশ ওই দুর্ঘটনায় অভিযুক্ত হিসেবে গাড়ি চালককে আটক করেছে।

NET/ SLET Forum:

ত্রিপুরার NET SLET পিএইচডি ফোরাম এর অন্তর্গত ত্রিপুরা গেস্ট লেকচারার সংঘ রাজ্যের কলেজগুলোতে অতিথি লেকচারারের অভাব রয়েছে বলে উল্লেখ করেছে। আজ আগরতলা এক সাংবাদিক সম্মেলনে গেস্ট লেকচারার সংঘের তরফে এক

সাংবাদিক সম্মেলনে এই দাবি করেন। সংঘের সাধারণ সম্পাদক সুমন আলী সাংবাদিক সম্মেলনে জানান, UGC-র নিয়ম অনুযায়ী রাজ্যে ২৫টি সাধারণ ডিগ্রী কলেজ ও পাঁচটি বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানে ২১০০ জন শিক্ষক প্রয়োজন। বর্তমানে কর্মরত রয়েছে মাত্র ৩৮৮ জন।

PAC meeting on Indian Coast Guard:

ভারতের বিস্তীর্ণ সামুদ্রিক সীমানা বরাবর উপকূলীয় নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ভারতীয় কোস্ট গার্ডের কাজ পর্যালোচনা করতে আজ চেনাইতে প্রতিরক্ষা সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন রাধা মোহন সিং। তিনি প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং ভারতীয় কোস্ট গার্ডের আধিকারিকদের সাথে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন। ভারতীয় কোস্ট গার্ডের মহাপরিচালক এস পরমেশ, দেশের উপকূলীয় নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মক্ষম ক্ষমতা, কৌশলগত উদ্যোগ এবং প্রস্তুতির একটি বিস্তৃত রিপোর্ট পেশ করেন। আলোচনায় ভারতের সামুদ্রিক স্বার্থ রক্ষার চলমান প্রচেষ্টা, বিভিন্ন অংশীদারদের সাথে সমন্বয় উন্নত করা এবং সামুদ্রিক নিরাপত্তা নিশ্চিত করার প্রক্রিয়া বৃদ্ধি উপর দৃষ্টি নিবন্ধন করা হয়েছে। মহাপরিচালক কমিটিকে কোস্ট গার্ড অপারেশনের বিভিন্ন দিক সম্পর্কে অবহিত করেন, যার মধ্যে রয়েছে, বিস্তৃত নজরদারি ব্যবস্থা, উন্নত জাহাজের বহর এবং অবৈধ মাছ ধরা, চোরাচালান এবং মানব পাচারের মতো সামুদ্রিক নিরাপত্তা হ্রাসকি প্রতিরোধের ভূমিকা। কমিটির সদস্যরা ভারতীয় কোস্ট গার্ডের সাম্প্রতিক সাফল্যের প্রতি সন্তোষ প্রকাশ করেন। তারা ভারতের ১১,০৯৮ কিলোমিটার উপকূল রক্ষায় এবং গুরুত্বপূর্ণ সামুদ্রিক বাণিজ্য রুটের নিরাপত্তা নিশ্চিত করতে ভারতীয় কোস্ট গার্ডের সক্রিয় ভূমিকার প্রশংসন করেন।

PM on Bala Saheb Thakray:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বালাসাহেব ঠাকরের মৃত্যুবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। এক বার্তায় শ্রী মোদি বলেন, বালাসাহেব ঠাকরে ছিলেন একজন দুরদৰ্শী, যিনি মহারাষ্ট্রের উন্নয়ন এবং মারাঠি জনগণের ক্ষমতায়নে কাজ করেছেন। তিনি বলেন, বালাসাহেব ঠাকরের সাহসী কৃষ্ণ এবং অটল চেতনা নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করে চলেছে।

Collage campus-Sabrum:

আকাশবানী, বিলোনিয়ার সহযোগিতায় গতকাল সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজে "কলেজ ক্যাম্পাস" শীর্ষক এক ব্যাতিক্রমী অনুষ্ঠানের আয়োজন করা হয়। মত বিনিময়ের উদ্দেশ্যে আয়োজিত এই অনুষ্ঠানে ১ম ও ৫ম সেমিস্টারের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রথম পর্যায়ে ছিল মতবিনিময়, কলেজ তথা বর্তমান শিক্ষাব্যবস্থার বিভিন্ন দিক ও দ্বিতীয়ত পর্যায়ে কুইজ প্রতিযোগিতা বিষয়বস্তু স্বচ্ছ ভারত মিশন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের শিক্ষা তথা ছাত্রছাত্রীদের স্টাইলেন্ড সহ বিভিন্ন প্রকল্প, স্বাস্থ্য ও পরিবেশ দৃষ্টি। আলোচনায় রেডিও, তার গুরুত্ব ও বর্তমান আধুনিক বিশ্বে এখনো তার প্রাসঙ্গিকতার কথা আলোচনা হয় এবং সকলকেই রেডিও শোনার আহ্বান জানানো হয়। এধরনের উদ্যোগ আরও হবে বলে জানিয়েছেন আকাশবানী বিলোনিয়ার আধিকারিকরা।

Old age home:

নেরিস্ট ত্রিপুরা চ্যাপ্টারের প্রাক্তনীরা আজ সদরের সান্ধ্যনীড় বৃদ্ধাশ্রমে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী প্রদান করেন। অনুষ্ঠানে প্রাক্তনীদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের আধিকারিক দ্বিপজয় সরকার, সপ্তর্ষি

পাল, স্টেট ব্যাংকের রজত কান্তি সাহা সহ আরো অনেক প্রাক্তনীরা। আয়োজকদের পক্ষ থেকে আগামীদিনেও এই ধরনের সামাজিক কাজকর্ম সংগঠিত করা হবে বলে জানিয়েছেন।

Recover contraband:

পূর্ব থানার পুলিশ আজ প্রতাপগড়ে এক নেশা কারবারির কাছে তল্লাশি চালিয়ে ৩৫ গ্রাম হেরোইন বাজেয়াপ্ত করেছে। থানার ভারপ্রাপ্ত অফিসার রানা চ্যাটার্জি জানান, অভিযুক্ত নেশা কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে। এই ঘটনায় এনডিপিএস আইনে মামলা নিয়ে ঘটনার তদন্ত করা হচ্ছে। তিনি আরও জানান, উদ্বারকৃত হেরোইনের মূল্য প্রায় পাঁচ লক্ষ টাকা।

Update Akashvani :

শ্রেতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' -

এর ১১৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিপ্রিয় চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Weather:

আগামীকাল আকাশ অংশত মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের দিকে কুয়াশা পড়বে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৫ এবং সর্বনিম্ন ১৯.৪ ডিগ্রি সেলসিয়াস।

Naidu Trophy:

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় স্বাগতিক ওডিশার বিরুদ্ধে ত্রিপুরা জয়ের লক্ষ্যে লড়াই করছে। ওডিশার সুন্দরগড়ে অনুষ্ঠিত খেলায় ৪ উইকেটে ৩৫ রান থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে আজ ওডিশা সবকটি উইকেট হারিয়ে ১২৩ রান সংগ্রহ করে। জয়ের জন্য ১৫০ রানের লক্ষ্যে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে তৃতীয় দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ১০১ রান করে। এর আগে ওডিশা প্রথম ইনিংসে ১৫৭ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ১৩১ রান করেছিল। জয়ের জন্য রাজ্যদলের প্রয়োজন আর মাত্র ৪৯ রান।

Santosh Trophy:

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের দ্বিতীয় রাউন্ডের খেলায় আজ মণিপুর জয়লাভ করেছে। অপর খেলাটি ড্র হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা গোলশূন্য ড্র করে সিকিমের সাথে। এর আগে সকালে অনুষ্ঠিত খেলায় মণিপুর ২-১ গোলে মিজোরামকে হারিয়ে দেয়।
